



জেঠুয়ার বিলে অভিযান: ৭টি চায়না দুয়ারী জাল জব্দ ও ধ্বংস

তারিখ: ০৩ আগস্ট ২০২৫ খ্রিঃ



তাল্লা উপজেলার জেঠুয়ার বিলে আজ একটি সফল মৎস্য অভিযান পরিচালিত হয় সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়ের উদ্যোগে অভিযানে ৭টি অবৈধ চায়না দুয়ারী জাল জব্দ করা হয়। পরে স্থানীয় জনগণের উপস্থিতিতে জালগুলো পুড়িয়ে বিনষ্ট করা হয়।

এ সময় উপস্থিত জনগণকে অবৈধ জাল ব্যবহার, ক্রয়-বিক্রয় এবং পরিবহন থেকে বিরত থাকতে উদ্বুদ্ধ করা হয়। মৎস্য আইন ও পরিবেশগত দৃষ্টিকোণ থেকে চায়না দুয়ারী জালের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সবাইকে সচেতন করা হয়।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার মো. তারিক ইমাম বলেন:

"চায়না দুয়ারী জাল খুব সূক্ষ্ম হওয়ায় এটি মাছের ডিম, পোনা এবং ছোট মাছ পর্যন্ত ধরে ফেলে। এর ফলে প্রাকৃতিকভাবে মাছের বংশবৃদ্ধি বাধাগ্রস্ত হয় এবং প্রজনন মৌসুমে মাছের ঘনত্ব কমে যায়। জলজ জীববৈচিত্র্যও হুমকির মুখে পড়ে।"

তিনি আরও বলেন:

"এই জালের ব্যবহার বন্ধ করতে পারলে বিল, নদী ও অন্যান্য জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধি পাবে। মৎস্যজীবীরা টেকসইভাবে মাছ আহরণ করতে পারবে, এবং জাতীয় মৎস্যসম্পদ সংরক্ষিত থাকবে।"

এই অভিযান সফলভাবে পরিচালনার জন্য স্থানীয় জনগণের সহযোগিতার প্রশংসা করা হয় এবং ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে মৎস্য দপ্তরের পক্ষ থেকে জানানো হয়।